

রেজিস্টার্ড নং ডি এ-১



বাংলাদেশ

গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

রবিবার, ডিসেম্বর ১৫, ২০০২

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ

পৌর-৩ শাখা

প্রজ্ঞাপন

তারিখ, ১৪ ডিসেম্বর ২০০২/৩০ অগ্রহায়ণ ১৪০৯

এস, আর, ও নং ৩৪৬-আইন/২০০২—যেহেতু সরকার অত্র বিভাগের প্রজ্ঞাপন নং এস, আর, ও ২৮৮-আইন/২০০২, তারিখ, ২০ অক্টোবর, ২০০২ ইংরেজী মোতাবেক ৫ কার্তিক, ১৪০৯ বাংলা দ্বারা নিম্নতফসিলে বর্ণিত এলাকাকে শহর এলাকা ঘোষণা করিয়াছে ; এবং

যেহেতু সরকার উক্ত এলাকাকে মিউনিসিপ্যালিটি ঘোষণা করিবার উদ্দেশ্যে Declaration and Alterations of Municipalities Rules, 1978, অতঃপর উক্ত Rules বলিয়া উল্লিখিত, এর rule 3 এর বিধান মোতাবেক উক্তরূপ ঘোষণার প্রস্তাবসম্বলিত একটি পাবলিক নোটিশ জারী এবং উহার উপর পরামর্শ ও আপত্তি আহ্বান করিবার জন্য রাজশাহী জেলার ডেপুটি কমিশনারকে নির্দেশ প্রদান করিয়াছিল ; এবং

যেহেতু উক্ত নির্দেশ অনুযায়ী ডেপুটি কমিশনার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করিয়া উক্ত এলাকাকে মিউনিসিপ্যালিটি ঘোষণার পক্ষে প্রতিবেদন দাখিল করিয়াছেন ; এবং

যেহেতু সরকার উক্ত প্রতিবেদন বিবেচনাতে উক্ত Rules এর rule 4(2) এর অধীনে উক্ত এলাকা সমন্বয়ে একটি মিউনিসিপ্যালিটি ঘোষণার জন্য চূড়ান্ত সিদ্ধান্ত গ্রহণ করিয়াছে ;

সেহেতু Paurashava Ordinance, 1977 (Ordinance No. XXVI of 1977) এর section 4(a) তে প্রদত্ত ক্ষমতাবলে এবং উক্ত Rules এর rule 5 এর বিধান মোতাবেক সরকার এতদ্বারা রাজশাহী জেলার পবা উপজেলাধীন নিম্ন তফসিলে বর্ণিত শহর এলাকাকে আগামী ১লা পৌষ, ১৪০৯ বাংলা মোতাবেক ১৫ ডিসেম্বর, ২০০২ ইংরেজী তারিখ হইতে মিউনিসিপ্যালিটি (পৌর এলাকা) রূপে ঘোষণা করিল ; এই মিউনিসিপ্যালিটি নওহাটা মিউনিসিপ্যালিটি (পৌর এলাকা) নামে অভিহিত হইবে।

(৫০৭৫)

মূল্য : টাকা ১.০০

তফসিল

ক্রমিক নং	ইউনিয়নের নাম	মোজার নাম	জে, এল নং	দাগ নং
(১)	নওহাটা	বাগধানী	১৪	১-৬০৮, ৮০০-১২০৩
(২)	নওহাটা	বসন্তপুর	১৫	১-৭৯৯, ৮০১-১৯৩৬
(৩)	নওহাটা	চৌবাড়িয়া	১৮	১-১৩৮১
(৪)	নওহাটা	শিতলাই পুকুর	৭২	১-২৩২
(৫)	নওহাটা	ভুগরইল	৭৩	১-১২২২
(৬)	নওহাটা	সন্তোষপুর	৮৩	১-১৫৪
(৭)	নওহাটা	বায়া	৮৪	১-৩৮৩
(৮)	নওহাটা	ভোলাবাড়ী	৮৫	১-৯২৮
(৯)	নওহাটা	শ্রীরামপুর	৮৬	১-৫১
(১০)	নওহাটা	বারৈপাড়া	৮৭	১-৮৪০
(১১)	নওহাটা	পাকুরিয়া	৮৮	১-৯৯৩
(১২)	নওহাটা	থালতা	৮৯	১-৬১২
(১৩)	নওহাটা	মাকিগ্রাম	৯০	১-৪৪৬
(১৪)	নওহাটা	দৌলতপুর	৯১	১-৫৫০
(১৫)	নওহাটা	তকিপুর	৯২	১-২৭৮, ৪০১-৪৪৩, ৪৪৫-১১০৭
(১৬)	নওহাটা	নওহাটা	৯৩	১-৯০৩
(১৭)	নওহাটা	পুটিয়াপাড়া	৯৪	১-১১৭৩
(১৮)	নওহাটা	মহানন্দখালী	৯৫	১-৭৩৬
(১৯)	নওহাটা	দুয়ারী	৯৬	১-৮২৫
(২০)	নওহাটা	কুমুরিয়া পুকুর	৯৭	১-২৯১
(২১)	নওহাটা	বাঘসাড়া	৯৮	১-১৩৪৬
(২২)	নওহাটা	বারইকুড়ি	৯৯	১-৬৩৭
(২৩)	নওহাটা	তেঘর	১০০	১-৮৮০
(২৪)	নওহাটা	মদনহাটি	১০১	১-১৫০০
(২৫)	নওহাটা	পালোপাড়া	১০২	১-৫২৫
(২৬)	নওহাটা	মধুসুদনপুর	১০৩	১-৮৫৯
(২৭)	নওহাটা	আলাই বিদীরপুর	১০৪	১-৪৩০
(২৮)	নওহাটা	পিট্টাপাড়া	১১০	১-৪৩৫
(২৯)	নওহাটা	শ্রীপুর	১১২	১-৭৪৬
(৩০)	নওহাটা	সিন্দুর কুসুমী	১২৮	১-১৩২, ১৫০১-২৯৪৫, ৩৫০১- ৪৭৮০, ৫২০১-৬২২৩

রাষ্ট্রপতির আদেশক্রমে

মোঃ ফজলুল হক
যুগ্ম-সচিব (উঃ)।

আবদুল মালেক, উপ-নিয়ন্ত্রক (ভারপ্রাপ্ত), বাংলাদেশ সরকারী মুদ্রাণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ আমিন জুবেরী আলম, উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ ফরমস ও প্রকাশনী অফিস,
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত।